| |
|---|
| আপনার শহরকে পরিচ্ছন্ন ও সবুজ রাখুন |

| |
|---|
| শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি |

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## সচিবালয় বিভাগ

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন ও জাইকা সহায়তাপুষ্ট 'স্ট্রেনদেনিং ক্যাপাসিটি ফর সিটি কর্পোরেশন' প্রকল্পের আওতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সিটি লেবেল কো-অর্ডিনেশন কমিটি (সিএলসিসি)'র ১ম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী<br>মাননীয় মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| সভার স্থান | : | আন্দরকিল্লাস্থ পুরাতন নগর ভবনের কে.বি আবদুচ ছত্তার মিলনায়তন |
| সভার তারিখ | : | ২৫ জানুয়ারি, ২০২৩ খ্রি. |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |

সভার শুরুতে মাননীয় মেয়র বীর মুক্তিযোদ্ধা মোঃ রেজাউল করিম চৌধুরী অনুষ্ঠিত সভায় উপস্থিত মেয়র প্যানেলের সদস্যবৃন্দ, বীর মুক্তিযোদ্ধা, উপস্থিত সরকারি ও অসরকারি কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে স্বাগত জানান। অতঃপর সভা পরিচালনা করার জন্য চসিকের সচিব জনাব খালেদ মাহমুদকে অনুরোধ জানালে তিনি সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, সিটি কর্পোরেশনের কার্যক্রমে আরও গতি সঞ্চার করতে সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। নাগরিক পরিষেবার উন্নতিতে সকল শ্রেণি পেশার প্রতিনিধিদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে মতামত গ্রহণ ও বাস্তবায়নে ওয়ার্ড কমিটি গঠন করা হয়েছে। এ পর্যায়ে সভায় উপস্থিত সভ্যগণ তাদের সুচিন্তিত মতামত দেন।

মাননীয় মেয়র বীর মুক্তিযোদ্ধা মোঃ রেজাউল করিম চৌধুরী বলেন, আমি মেয়র হওয়ার পরপরই প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা চট্টগ্রামকে বদলে দিতে চসিকের ইতিহাসের সর্বোচ্চ আড়াই হাজার কোটি টাকার প্রকল্প বরাদ্দ দিয়েছেন। এ প্রকল্প বাস্তবায়ন হলে চট্টগ্রামের মূল সড়কগুলো প্রশস্ত এবং জনবান্ধব হবে, হ্রাস পাবে যানজট। জনগণের চাহিদার কথা বিবেচনা না করে কোন প্রকল্প গ্রহণ করলে সে প্রকল্প কখনো ফলপ্রসু হয়না। এজন্য মেয়র পদে দায়িত্ব গ্রহণের পর থেকেই চট্টগ্রামের উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে জনগণের মতামত যাচাইকে গুরুত্ব দিচ্ছি। বিভিন্ন জরিপ, গবেষণা, বিশেষজ্ঞ্এ মতামত, আধুনিক রাষ্ট্রসমূহের পদ্ধতি ইত্যাদিকে অনুসরণ করছি। উন্নয়ন পরিকল্পনাকে সফল করতে জনগণকে সম্পৃক্ত করতে চাচ্ছি কারণ যাদের জন্য উন্নয়ন তারা সম্পৃক্ত হলেই কেবল উন্নয়ন সফল এবং টেকসই হবে।

পরামর্শক প্রতিষ্ঠান 'ডিজাইন প্ল্যানিং এন্ড ম্যানেজমেন্ট কনসালটেন্টস লিমিটেড' এর প্রতিনিধি প্রকৌশলী মো. শাহজাহান আলম বলেন, ঘনবসতিপূর্ণ চট্টগ্রামের যানজট হ্রাস এবং ভবিষ্যতের জন্য নগরীকে প্রস্তুত করতে চলমান প্রকল্প বেশ সহায়ক হবে। আমরা ইতিমধ্যে প্রকল্পের জরিপ, ডিজাইন এবং সয়েল টেস্ট শুরু করেছি। এ প্রকল্পের অধীনে বিমানবন্দর সড়ক সম্প্রসারণসহ রুবি সিমেন্ট এলাকায় ৬০০ মিটারের ওভারপাস, ৭৬২ দশমিক ৮৩ কিলোমিটার সড়ক সংস্কার, ৩৮টি ফুটওভার ব্রিজ, ১৪টি ব্রিজ, ২২টি কালভার্ট ও ১০টি গোলচত্বর নির্মাণ করা হবে।

চসিক সচিব খালেদ মাহমুদ বলেন, কেবল বস্তুগত উন্নয়ন নয়, উন্নয়নে মানবিক দিকগুলোকেও প্রাধান্য দিচ্ছে চসিক। বাংলাদেশে সিটি কর্পোরেশনগুলোর মধ্যে শিক্ষা খাতে সবচেয়ে বেশি বিনিয়োগ করে চসিক যাতে ভবিষ্যৎ প্রজন্ম উন্নয়ন কার্যক্রমের সবচেয়ে বড় সুফলভোগী হয়। এছাড়া আমরা স্বাস্থ্য কার্যক্রমেরও প্রসার ঘটাচ্ছি। আমাদের প্রত্যাশা আগামীর চট্টগ্রাম হবে সুশিক্ষিত, সুস্বাস্থ্যবান চট্টগ্রাম।

সম্মানিত প্যানেল মেয়র আফরোজা কালাম বলেন, ওয়ার্ডে ওয়ার্ডে সংগৃহীত ময়লাগুলো মেইন রোডে দৃশ্যমান জায়গায় রাখা হয়। রাস্তায় ময়লা না রেখে যেখানে মানুষের চলাচল কম এমন জায়গায় রাখলে মানুষজন স্বস্তি পাবে।

CamScanner

মমতা'র প্রতিষ্ঠাতা সভাপতি ও লায়ন রফিক আহমদ বলেন, বিভিন্ন সেবায় অগ্রাধিকার তালিকা করে জনগণকে আরো বেশি সম্পৃক্ত করার ব্যাপারে উদ্যোগ নেয়া উচিত বলে মনে করেন। অনলাইন হোল্ডিং ট্যাক্স এর বিষয়টা অনেক জনগণ এখনো জানে না, সকলে জানলে ট্যাক্স প্রদানের হার আরো বাড়তে পারতো বলে তিনি মনে করেন।

চট্টগ্রাম প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক দেবদুলাল ভৌমিক বলেন, চট্টগ্রাম শহরে ফুটপাতের স্ট্রিট ফুডের দোকানসমূহ খুবই অস্বাস্থ্যকর। এক্ষেত্রে হেলদি সিটি গঠনের নিমিত্তে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষ থেকে হেলদি স্ট্রিট ফুড প্রকল্প গ্রহণ করা যায় কিনা তা ভেবে দেখতে অনুরোধ করেন।

জাইকার সিফোরসি প্রকল্পের চীফ এডভাইজার মিজ নাওকো আনজাই জাপানের উন্নয়ন পদ্ধতির অভিজ্ঞতা জানান। তিনি আরও বলেন, জাপানের উন্নয়ন অভিজ্ঞতার আলোকে বলতে পারি চসিক ইন্টারনেটনির্ভর বিভিন্ন সেবা সম্প্রসারণের মাধ্যমে জনসম্পৃক্ততা বাড়াতে পারে। উন্নয়ন হোক জনগণের জন্য, জনগণকে সাথে নিয়ে এবং জনগণের মাধ্যমে।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ওয়ার্ড কার্যালয়, রাজস্ব সার্কেল অফিস, আঞ্চলিক কার্যালয়ে অভিযোগ বক্স এবং সিটিজেন চার্টার স্থাপন করতে হবে। | ১। সচিব, চসিক। |
| ২. | নগরীর নিউমার্কেট, রেয়াজউদ্দিন বাজারসহ গুরুত্বপূর্ণ স্থানসমূহে হকার উচ্ছেদ এবং উচ্ছেদকৃত স্থানসমূহে যাতে পুনরায় হবার বসতে না পারে সে বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, চসিক।<br>২। নির্বাহী ম্যাজিস্ট্রেট, চসিক। |
| ৩. | রাজস্ব বৃদ্ধির জন্য স্ল্যাবের ফি, যান্ত্রিক যানবাহনের লাইসেন্স প্রদান, বন্দরের আমদানী রপ্তানীর উপর ও কাস্টমস এর বিল অব এন্ট্রি থেকে ফি আদায়ের প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে। | ১। প্রধান রাজস্ব কর্মকর্তা, চসিক |
| ৪. | চসিকের আয় বৃদ্ধির জন্য দক্ষিণ খুলশী ভিআইপি আবাসিক সংলগ্ন স্থানের জায়গা ক্রয় করে প্লট আকারে বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। এস্টেট অফিসার, চসিক। |
| ৫. | মশক নিধনের ঔষধ ও পরিচ্ছন্নতা বিভাগের প্রয়োজনীয় সরঞ্জাম দ্রুত টেন্ডারের মাধ্যমে ক্রয় করে সরবরাহ করতে হবে। | ১। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, চসিক। |
| ৬. | নগররাসীর সুপেয় পানির ব্যবস্থা করার জন্য উপকূলীয় ওয়ার্ডগুলোতে দ্রুত ওয়াসার পানি সরবরাহ এবং বিভিন্ন এলাকার হতদরিদ্র মানুষের সুবিধার্থে স্থাপনকৃত পানির পাম্পগুলোর বিভিন্ন সংযোগগুলো পুনঃস্থাপন করতে হবে। | ১। প্রধান প্রকৌশলী, চসিক। |
| ৭. | বারই পাড়া খালের খননের জন্য প্রকল্পের জন্য বুঝে পাওয়া ও অধিগ্রহণকৃত খালি ভূমিতে দ্রুততার সাথে খনন প্রক্রিয়া ও ব্রীজ নির্মাণ কাজ শেষ করতে হবে। | ১। প্রধান প্রকৌশলী, চসিক।<br>২। প্রকল্প পরিচালক, চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসন প্রকল্প। |

CamScanner

| | | |
|---|---|---|
| ৮. | তৈরিকৃত ৫৫০ কোটি টাকার প্রকল্পের কাজ শুষ্ক মৌসুমের মধ্যে সম্পন্ন করতে হবে। | ১। প্রধান প্রকৌশলী, চসিক। |

অতঃপর সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সভায় আগত প্রতিনিধিবৃন্দসহ উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭.০৫.২৪
(মোঃ রেজাউল করিম চৌধুরী)
মেয়র
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং: ৪৬.১১.১৬০০.০০১.১৮.০১৬.২২.৩৫০ তারিখ: ০৭.০৫.২৪

অনুলিপি: জ্ঞাতার্থে

১। জনাব........................................................, মেয়র প্যানেলের সদস্য, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২। জনাব........................................................,সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড/সংরক্ষিত আসন নং-............, চসিক।
৩। একান্ত সচিব, মাননীয় মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৪। বিভাগীয় প্রধান (সকল), চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৫। জনাব ব্রজ কিশোর ত্রিপুরা, সিটি গভর্ন্যান্স স্পেশালিষ্ট, 'স্ট্রেনদেনিং ক্যাপাসিটি ফর সিটি কর্পোরেশন' প্রকল্প, জাইকা।
৬। জনাব........................................................।

০৭/০৫/২০২৪
(মোহাম্মদ নজরুল ইসলাম)
সচিব (অ: দা:)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

CamScanner